যুগান্তর

MAR. 30 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# অবহেলিত কমিউনিটি বিদ্যালয়

নিরক্ষরতা দূরীকরণ ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে ১৯৯০ থেকে ১৯৯৭ সাল পর্যন্ত বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলসমূহে প্রায় ৪ হাজার স্বল্পব্যয়ী কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়। এই বিদ্যালয়গুলোতে শিক্ষাদানের জন্য প্রায় ১২ হাজার শিক্ষক/শিক্ষিকা নিয়োগ দেয়া হয়। উল্লেখ্য, এসব শিক্ষক/শিক্ষিকাকে কোন নির্দিষ্ট বেতন স্কেলে বেতন-ভাতা প্রদান করা হয়নি। শুধু সম্মানী ভাতার মাধ্যমে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকারা অন্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশাপাশি কমিউনিটি বিদ্যালয়গুলোতে শিক্ষাদান করে আসছেন। গত আওয়ামী লীগ শাসনামলে এই স্বল্পব্যয়ী কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়সমূহে উল্লেখযোগ্য কোন কল্যাণ সাধিত হয়নি। উপরন্তু কিছু কিছু বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। এতে করে যেমন সমস্যা হয়েছে শিক্ষকদের তেমন শিক্ষা সুবিধা হতে বঞ্চিত হয়েছে বহু ছাত্রছাত্রী, বিপাকে পড়েছেন অভিভাবকরা।

তাই এসব ছাত্র, শিক্ষক ও অভিভাবককে দুশ্চিন্তামুক্ত করতে কমিউনিটি বিদ্যালয়গুলো সম্পর্কে যথাযথ পদক্ষেপ নেয়া দরকার। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মোঃ অলি উল্লাহ সরকার**
প্রধান শিক্ষক
নোয়াকান্দি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা